

বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট

ধর্ম বিষয়ক মন্ত্রণালয়

০৫ নভেম্বর ২০২০খ্রি: তারিখে অনুষ্ঠিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তির (APA) সভার কার্যবিবরণী

সভাপতি : মি: জয়দত্ত বড়ুয়া
সচিব ও টীম প্রধান, বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট
স্থান : সচিব মহোদয়ের কক্ষে, বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট

তারিখ ও সময় : ০৫ নভেম্বর ২০২০খ্রি: বৃহস্পতিবার, সকাল : ১১:০০ ঘটিকা।


উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভাপতি সভার কার্যক্রম আরম্ভ করেন। সভাপতি বার্ষিক কর্মসম্পাদন চুক্তি যথাযথভাবে বাস্তবায়নের বিষয়ে সকল সদস্যদের আন্তরিক হওয়ার আহ্বান জানান। তিনি সভার কার্যপত্র অনুযায়ী সভার কাজ শুরু করার জন্য অনুরোধ জানান। সভায় নিম্নোলিখিত কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন:

- | | |
|-------------------------|------------------------------|
| ১। শ্যামল মিত্র বড়ুয়া | উপ-পরিচালক |
| ২। যুগল তংচংগ্যা | সহকারী হিসাব রক্ষণ কর্মকর্তা |
| ৩। সুখময় চাকমা | আইটি সহকারী। |

সভায় নিম্নোলিখিত বিষয়ের উপর বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয় যা নিম্নরূপ:

ক্র: নং	বিষয় ও আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১.	২০২০-২০২১ অর্থ বছরের বার্ষিক কর্ম সম্পাদন চুক্তির লক্ষ্যমাত্রার বিপরীতে কৌশলগত উদ্দেশ্য [২] বৌদ্ধ ধর্মীয় উৎসব উদযাপনে সহায়তা প্রদান সম্পর্কে আলোচনা করা হয়। প্রবারণা পূর্ণিমা ও কঠিন চীবর দানোৎসব ২০২০ উদযাপনের জন্য মাননীয় প্রধানমন্ত্রী ত্রাণ ও কল্যাণ তহবিল হতে প্রাপ্ত ১ কোটি টাকা দেশের বিভিন্ন বৌদ্ধ বিহারে বিলিবন্টন করার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।	বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্টের ৮৯তম সভার সিদ্ধান্ত মোতাবেক প্রবারণা পূর্ণিমা ও কঠিন চীবর দানোৎসব উদযাপনের জন্য মাননীয় প্রধানমন্ত্রী ত্রাণ ও কল্যাণ তহবিল হতে প্রাপ্ত ১ কোটি টাকা দেশের বিভিন্ন বৌদ্ধ বিহারে বিলিবন্টনের জন্য কার্যক্রম শুরু করার সিদ্ধান্ত গৃহীত হয়।	এপিএ টিম

২. আর কোনো আলোচনা না থাকায় সভাপতি কমিটির সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


(জয়দত্ত বড়ুয়া)

সভাপতি

সচিব, বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট।